

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৭/৩১৬

তারিখ : ২৯-১০-২০১৭ খ্রি:


বিষয় : এসএসসি পরীক্ষা-২০১৮ এর নির্বাচনী পরীক্ষা ও ফরম পূরণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা-২০১৮ এর শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় দুটি স্ব স্ব প্রতিষ্ঠানে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে সম্পন্ন করতে হবে বিধায় উক্ত বিষয় দুটির জন্য কোন বোর্ড ফি প্রদান করতে হবে না। তবে অনিয়মিত পরীক্ষার্থীদের বর্ণিত বিষয় দুটির জন্য বোর্ড ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে কোন ব্যবহারিক ফি আদায় করা যাবে না।

কুমিল্লা শিক্ষাবোর্ডের স্মারক নং : পরী/মাধ্য/২০১৭/(৩০৪) তারিখ : ২০/০৯/২০১৭ খ্রি: তারিখের পত্রে উল্লিখিত পাবলিক পরীক্ষার ফল প্রকাশের টেবুলেশন নীতিমালা অনুযায়ী পরীক্ষার্থীকে চূড়ান্ত পরীক্ষায় সৃজনশীল/ রচনামূলক (তত্ত্বীয়), নৈর্ব্যক্তিক ও ব্যবহারিক অংশে (ন্যূনতম প্রত্যেক অংশে ৩৩ শতাংশ) নম্বর পেয়ে পৃথকভাবে পাস করতে হবে। একই বিষয়ে বিভিন্ন অংশে পৃথকভাবে পাস না করে মোট নম্বর ৩৩ বা ততোধিক হলেও সংশ্লিষ্ট শিক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবে।

তবে বাংলা বিষয়ে ১ম ও ২য় উভয় পত্র মিলিয়ে নৈর্ব্যক্তিক অংশের প্রাপ্ত নম্বর ৩৩ শতাংশ ও সৃজনশীল/ রচনামূলক (তত্ত্বীয়) অংশের প্রাপ্ত নম্বর ৩৩ শতাংশ হলে কৃতকার্য হবে। ইংরেজি বিষয়ে ১ম ও ২য় উভয় পত্র মিলিয়ে প্রাপ্ত নম্বর ৩৩ শতাংশ হলে নির্বাচনী ও চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য হবে।

বিষয়টি অতীব জরুরি।


(কায়সার আহমেদ)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।